

MetLife

bKash


# যেভাবে বিকাশ পে বিলের মাধ্যমে প্রিমিয়াম প্রদান করবেন





হোমস্ক্রিনের সাজেশন থেকে পে বিল সেকশনে যান





ট্যাপ করুন মেটলাইফ-এর লোগো





মেটলাইফের পলিসি নাম্বার উল্লেখ করুন





টাকার পরিমাণ উল্লেখ করে কন্টিনিউ বাটনে ট্যাপ করুন





পিন নাম্বারটি দিন এবং পেমেন্ট করতে ট্যাপ করে কিছুক্ষণ ধরে রাখুন




পেমেন্ট সম্পন্ন হওয়ার পর ডাউনলোড রিসিপ্ট বাটনে ট্যাপ করুন





সাথে সাথেই পাচ্ছেন বিকাশ থেকে রিসিপ্ট





সঙ্গে পাবেন মেটলাইফ ও বিকাশ থেকে ইনস্ট্যান্ট মেসেজ কনফার্মেশন


# মেটলাইফ পলিসির প্রিমিয়াম যেভাবে বিকাশ-এর মাধ্যমে প্রদান করবেন





*247#
ডায়াল করুন





বিল পে করতে ৬ লিখে
সেন্ড বাটনে চাপুন





ফিনান্সিয়াল সার্ভিস বেঁছে নিতে
৯ লিখে রিপ্লাই করুন





ফিনান্সিয়াল সার্ভিস থেকে
মেটলাইফ নির্বাচন করতে ২ চাপুন





প্রিমিয়াম পেমেন্ট করতে
২ চাপুন





পলিসি নম্বর প্রদান করতে
১ চাপুন





সঠিক পলিসি নম্বরটি
প্রদান করুন





আপনার ১১ ডিজিটের
মোবাইল নম্বরটি দিন




প্রিমিয়ামের
পরিমাণ লিখুন




আপনার বিকাশ
পিন নম্বর দিয়ে পেমেন্ট
কনফার্ম করুন




সাথে সাথে মেটলাইফ ও
বিকাশ থেকে পাবেন ইনস্ট্যান্ট
ম্যাসেজ কনফার্মেশন

# মেটলাইফ পলিসির প্রিমিয়াম বিকাশ এর মাধ্যমে প্রদান সম্পর্কিত কিছু তথ্য

- **বিকাশ এর মাধ্যমে কে মেটলাইফ এর প্রিমিয়াম প্রদান করতে পারবেন?**

  মেটলাইফ বীমাগ্রাহক যার বিকাশ একাউন্ট আছে তিনিই বিকাশ এর মাধ্যমে মেটলাইফ এর প্রিমিয়াম প্রদান করতে পারবেন । নিজের বিকাশ একাউন্ট ব্যবহার করাই সহজ, বৈধ এবং সবচাইতে নিরাপদ।

- **বিকাশ এর মাধ্যমে মেটলাইফ এর প্রিমিয়াম প্রদান করতে কি কোন চার্জ বা ফি দিতে হয়?**

  না। বিকাশ একাউন্ট খুলতে, ক্যাশ ইন করতে এবং মেটলাইফ এর প্রিমিয়াম প্রদান করতে কোনও চার্জ বা ফি দিতে হয় না।

- **কিভাবে বিকাশ একাউন্ট খুলবেন?**

  আপনার নিকটবর্তী বিকাশ এজেন্টের কাছে যান এবং সাথে রাখুন-

  ক) আপনার গ্রামীণফোন, বাংলালিংক, রবি অথবা এয়ারটেল সংযোগসহ মোবাইল ফোনটি
  খ) আপনার ছবিযুক্ত পরিচয়পত্র এবং তার একটি ফটোকপি (জাতীয় পরিচয়পত্র/ ড্রাইভিং লাইসেন্স/ পাসপোর্ট)
  গ) ২ কপি পাসপোর্ট সাইজ ছবি

  বিকাশ এর একাউন্ট ওপেনিং ফর্মটি পূরণ করুন এবং আপনার বৃদ্ধাঙ্গুলির ছাপ ও স্বাক্ষর দিন। বিকাশ এজেন্টের কাছ থেকে আপনার গ্রাহক কপিটি বুঝে নিন এবং ভবিষ্যৎ প্রয়োজনের জন্য সংরক্ষন করুন। **আপনার মোবাইল নম্বরটিই হবে আপনার বিকাশ একাউন্ট নম্বর।**

- **বিকাশ একাউন্টে কিভাবে ক্যাশ ইন করবেন?**

  আপনার নিকটবর্তী বিকাশ এজেন্টের কাছে গিয়ে আপনি যে পরিমাণ টাকা জমা করতে চাইছেন তা এজেন্টকে দিন। এজেন্ট আপনার একাউন্টে সমপরিমাণ টাকা জমা করে ক্যাশ ইন সম্পন্ন করার পর আপনি একটি কনফার্মেশন এসএমএস পাবেন যা আপনার ক্যাশ ইন নিশ্চিত করবে।

- **কোন নম্বরে বিকাশ এর মাধ্যমে মেটলাইফ এর প্রিমিয়াম প্রদান করতে হবে?**

  **০১৯৬৭১১২২৩৩** এই নম্বরে বিকাশ এর মাধ্যমে মেটলাইফ এর প্রিমিয়াম প্রদান করতে হবে।

- **বিকাশ এর মাধ্যমে প্রিমিয়াম ছাড়া মেটলাইফ এর আর অন্য কোনও পেমেন্ট করা যাবে কি?**

  এই ব্যবস্থার মাধ্যমে নতুন পলিসির অ্যাপ্লিকেশন এর সাথে প্রদেয় টাকা, পলিসি লোন রিপেমেন্ট, এপিএল(APL) রিপেমেন্ট, রিইনস্টেটমেন্ট এর জন্য প্রদেয় টাকা, ব্যালান্স প্রিমিয়াম ইত্যাদিও প্রদান করা যাবে।

- **বিকাশ এর মাধ্যমে মেটলাইফ এর পেমেন্ট করার পরে কি কোন তথ্য সংরক্ষণ করতে হবে?**

  পেমেন্ট সম্পন্ন করার পরে বিকাশ থেকে পাঠানো কনফার্মেশন এসএমএস এ উল্লেখিত ট্রানজাকশন আইডি টি সংরক্ষণ করুন/লিখে রাখুন।

- **পলিসি নম্বর টাইপ করতে ভুল হয়ে গেলে কি করবেন?**

  ভুল পলিসিতে টাকা জমা দেয়ার সমস্যা থেকে মুক্তি পেতে বিকাশ একাউন্ট থেকে প্রিমিয়াম প্রদানের পূর্বেই নিজের পলিসি নম্বর এবং টাকার অংক পুনরায় যাচাই করে নিন। তারপরও ভুল হলে ট্রানজাকশন আইডি সহ মেটলাইফ হেড অফিসের **০৯৬৬৬৭১৬৩৪৪** অথবা **১৬৩৪৪** অথবা **৯৫৬১৭৯১-এক্সটেনশন ৪৩৫/৬৬২** নম্বরে যোগাযোগ করুন।

- **পলিসিতে টাকা জমা হয়েছে কিনা তা কিভাবে বুঝতে পারবেন ?**

  প্রতিটি পেমেন্ট এর জন্য তাৎক্ষণিকভাবে একাউন্ট হোল্ডারের মোবাইল নম্বরে বিকাশ থেকে কনফার্মেশন এসএমএস পাওয়া যাবে। মেটলাইফ এর প্রিমিয়াম/মানি রিসিপ্ট বীমাগ্রাহকের ঠিকানায় ডাকযোগে পাঠানো হবে। এর পাশাপাশি পরবর্তী ২ কার্যদিবসের মধ্যে মেটলাইফ অফিস থেকেও একটি প্রাপ্তিস্বীকার এসএমএস বীমাগ্রাহকের মোবাইল নম্বরে পাঠানো হবে।

  **প্রাপ্তিস্বীকার এসএমএস পাওয়ার জন্য মেটলাইফ-এ প্রদত্ত আপনার মোবাইল নম্বরটি দিয়ে বিকাশ একাউন্ট খুলুন অথবা আপনার বিকাশ একাউন্টে ব্যবহৃত মোবাইল নম্বরটি মেটলাইফ-এ হালনাগাদ করে নিন।**

- **বিকাশ এর মাধ্যমে প্রিমিয়াম প্রদানের বিষয়ে বিস্তারিত জানতে কোথায় যোগাযোগ করবেন?**

  এ বিষয়ে যে কোন তথ্যের জন্য মেটলাইফ হেড অফিসের **০৯৬৬৬৭১৬৩৪৪** অথবা **১৬৩৪৪** অথবা **৯৫৬১৭৯১-এক্সটেনশন ৭৭৭** নম্বরে যোগাযোগ করুন।

MetLife

bKash
একটি ব্র্যাক ব্যাংক প্রতিষ্ঠান